

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সমাজকল্যাণ মন্ত্রণালয়  
কর্মসম্পাদন ব্যবস্থাপনা অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.msw.gov.bd



নম্বর : ৪১.০০.০০০০.০১৬.২৩.০০৫.২১-২৪৫

তারিখ : ২৫ শাষণ ১৪২৮  
০৯ আগস্ট ২০২১

## বিজ্ঞপ্তি

### বিষয় : মাদার অব হিউম্যানিটি সমাজকল্যাণ পদকের ড্রয়িং-ডিজাইন আহ্বান

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মানবতাবাদের আদর্শে লালিত তাঁরই সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার আন্তরিক উদ্যোগে বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা, প্রতিবন্ধীসহ সমাজের অবহেলিত, নিগৃহীত, সহায়হীন, অক্ষম ও বিভিন্ন অনগ্রসর জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়নে সরকার বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করে যাচ্ছে। এরই ধারাবাহিকতায় “প্রয়োজনে এক বেলা খেয়ে থাকব”-এ দৃঢ় প্রত্যয়ে বলীয়ান হয়ে মাননীয় প্রধানমন্ত্রী মিয়ানমার থেকে আগত বাস্তুচ্যুত প্রায় ১১ লাখ বিশাল রোহিঙ্গা জনগোষ্ঠীকে বাংলাদেশে আশ্রয়সহ সামাজিক নিরাপত্তা নিশ্চিত করে আজ সারা বিশ্বে তিনি ‘মাদার অব হিউম্যানিটি’ হিসেবে স্বীকৃতি লাভ করেছেন। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার মহান উদ্যোগ দেশের জনগণ ও জনসেবার সাথে সংশ্লিষ্ট ব্যক্তি, সরকারি/বেসরকারি সংস্থা/প্রতিষ্ঠানসমূহের মধ্যে ছড়িয়ে দেয়ার লক্ষ্যে, আগ্রহ সৃষ্টি ও অবদানের স্বীকৃতি প্রদানের জন্য ‘মাদার অব হিউম্যানিটি সমাজকল্যাণ পদক’ চালু করা হয়।

০২. “মাদার অব হিউম্যানিটি সমাজকল্যাণ পদক” এর নীতিমালা অনুযায়ী ব্যক্তিপর্যায়, বেসরকারি সংস্থা ও প্রতিষ্ঠান এবং সরকারি দপ্তর/সংস্থা বা প্রতিষ্ঠান হতে ৫টি ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান ও গৌরব উজ্জ্বল ভূমিকার জন্য ‘মাদার অব হিউম্যানিটি সমাজকল্যাণ পদক ২০২০-২০২১’ প্রদান করা হবে। ‘মাদার অব হিউম্যানিটি সমাজকল্যাণ পদক’ প্রস্তুতের জন্য এ বিষয়ে অভিজ্ঞ ডিজাইনারদের নিকট হতে নিম্নে বর্ণিত পরিমাপ ও বর্ণনা অনুসারে পদকের ড্রয়িং-ডিজাইন আহ্বান করা যাচ্ছে।

০৩. শ্রেষ্ঠ নির্বাচিত ডিজাইনারকে উপযুক্ত সম্মানী প্রদান করা হবে।

#### ০৪. পদকের পরিমাপ ও বর্ণনা :

ক. পদকের সম্মুখভাগের উপর মাদার অব হিউম্যানিটি সমাজকল্যাণ পদক এবং নিচে বাংলাদেশ শব্দ স্পষ্টাক্ষরে লেখা থাকবে। মধ্যাংশে পানিতে ভাসমান জাতীয় ফুল শাপলা, শাপলার দুই পাশে দুইটি ধানের শীষ ও উপরে সংযুক্ত ৩টি পাট পাতা ও পাট পাতার দুই পাশে দুইটি করে চারটি তারকা থাকবে। পদকের পিছনের অংশে উপরে ছোট বৃত্তে মাদার অব হিউম্যানিটি খেতাবপ্রাপ্ত মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিকৃতি, প্রতিকৃতির বাম পার্শ্বে স্থিতিচন্দ্র এবং ডান পার্শ্বে বঙ্গবন্ধু গ্রথিত থাকবে। এর নিচে পদকের জন্য মনোনীত ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম এবং অবদানের ক্ষেত্র গ্রথিত থাকবে। পদকের রেপ্লিকার সামনে ও পিছনে পদকের অনুরূপ লেখা, ডিজাইন ও প্রতিকৃতি থাকবে।

খ. মূল স্বর্ণপদক ১৮ ক্যারেট মানের ২৫ গ্রাম স্বর্ণ দ্বারা নির্মিত হবে। মূল পদকের পরিধি হবে ৪৫ (পঁয়তাল্লিশ) মিলিমিটার এবং ফিতা ঝুলানোর জন্য আয়তাকার রিং এর মাপ হবে দৈর্ঘ্য ৩০ (ত্রিশ) মিলিমিটার ও প্রস্থ ৭ (সাত) মিলিমিটার। রেপ্লিকার পরিধি হবে ৩০ (ত্রিশ) মিলিমিটার এবং ফিতা ঝুলানোর জন্য আয়তাকার রিং-এর মাপ হবে ২০ (বিশ) মিলিমিটার।

০৫. এমতাবস্থায়, আগ্রহী ডিজাইনারগণকে মাদার অব হিউম্যানিটি সমাজকল্যাণ পদকের নমুনাসহ বিস্তারিত ড্রয়িং-ডিজাইন সিলমোহরকৃত খামে আগামী ১২ সেপ্টেম্বর ২০২১ তারিখের মধ্যে মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-এর কার্যালয়ে দাখিলের জন্য অনুরোধ করা হলো। নীতিমালাসহ বিস্তারিত তথ্যাদি সমাজকল্যাণ মন্ত্রণালয় ([www.msw.gov.bd](http://www.msw.gov.bd)) ও সমাজসেবা অধিদপ্তর ([www.dss.gov.bd](http://www.dss.gov.bd))-এর ওয়েবসাইটে পাওয়া যাবে।

ড. মো: আবুল হোসেন

যুগ্মসচিব

ফোন : ৯৫৭৬৬৮৩

ডিজি- ১৫৪৫/২১ (৮'x৪)

E-mail: publication@msw.gov.bd